

এই চুক্তিটি প্রথম সাক্ষরিত হয় ৬ ফেব্রুয়ারী, ১৮৪০। এটা মাওরি ভাষায় লেখা হয়েছিল এবং এর নাম ছিল **তে তিরিতি অ অয়াইতাঙ্গি**। নিচে এর সারমর্ম টি অনুবাদ সহ দেয়া হল।

ওয়াইতাঙ্গি চুক্তির সারমর্ম

সূচনা

রানী চান মাওরিরা তাদের জমি তাদের কাছে রাখে ও স্বাধীনভাবে থাকে এবং তিনি চান সকলে যেন একসাথে শান্তিতে বসবাস করতে পারে। এই চুক্তিটি হল রানীর সেই সব প্রজারা যারা এখন নিউজিল্যান্ড এ বসবাস করছে এবং যারা ভবিষ্যতে আসবে তাদের জন্য যাতে একটি সরকার গঠন করা যায়।

প্রথম

মাওরিরা ইংল্যান্ডের রানীকে অধিকার দিল নিউজিল্যান্ড এ একজন গভর্নর নিয়োগ দেয়ার।

দ্বিতীয়

রানী সম্মত হলেন যে মাওরিরা তাদের স্বাধীনতা বজায় রাখবে এবং জমি ও যা কিছু তাদের জন্যে গুরুত্বপূর্ণ তার উপর নিয়ন্ত্রন বজায় রাখবে। মাওরিরা রানীকে জমি কেনার অধিকার দিল যদি তারা তা বিক্রি করতে চায়।

তৃতীয়

রানী মাওরি ও ব্রিটিশদের সমান অধিকার দিয়েছেন।

চতুর্থ

(মৌখিক প্রতিশ্রুতি)

গভর্নর প্রতিশ্রুতি দিলেন নিউজিল্যান্ড এ মাওরি প্রথা ও অন্যান্য ধর্ম কে রক্ষা করার।

